

পরিক্রমা

এপ্রিল - জুন ২০২৬



অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

পরিস্রুমা

এপ্রিল - জুন ২০২৬



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd

সূচিপত্র

ক্রম	বিষয়বস্তু	পৃষ্ঠা
প্রথম অংশ		
১	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও ডিভিশনাল প্রধানগণ	০৫
২	পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ ও অন্যান্য বিশেষ কার্যক্রম	০৬
২.১	বিএসইসি'র সাথে পুঁজিবাজারের অংশীজনদের মাসিক সমন্বয় সভা	০৬
২.২	নির্বাহী পরিচালক এম. হাছান মাহমুদ এর বিদায় অনুষ্ঠান	০৮
২.৩	বিএসইসি'র উদ্যোগে আয়োজিত 'আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণী অনুষ্ঠান	১০
২.৪	মার্চেন্ট ব্যাংকগুলোর শীর্ষ প্রতিনিধিদের সঙ্গে বিএসইসির সভা অনুষ্ঠিত	১২
২.৫	প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজারবিষয়ক বিশেষ সহকারী তানভীর গনির সঙ্গে বিএসইসি'র সভা অনুষ্ঠিত	১৪
২.৬	'Discussion Meeting on IPO Proceeds Utilization for Loan Repayment or Investments of Issuer' শীর্ষক বৈঠক	১৫
২.৭	তালিকাভুক্ত কোম্পানিগুলোতে 'নারী স্বতন্ত্র পরিচালক' নিয়োগসংক্রান্ত বিএসইসির সভা	১৭
২.৮	বিএসইসি ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী উদ্যোক্তাদের নিয়ে যৌথ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত	১৯
২.৯	বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান প্রসঙ্গে	২১
২.১০	নবনিযুক্ত কমিশনের সঙ্গে বিএসইসির শীর্ষ কর্মকর্তাদের সভা ও ডিএসইর সাক্ষাৎ	২২
২.১১	বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজের (বিএপিএলসি) প্রতিনিধি দলের সঙ্গে বিএসইসির সভা	২৪
২.১২	ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) পিএলসি'র সার্ভেইল্যান্স টিমের সঙ্গে বিএসইসির বৈঠক	২৫
২.১৩	মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার প্রতিষ্ঠানের কর্মীদের ৪ দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত	২৬
দ্বিতীয় অংশ		
৩	ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স	২৮
৪	কর্পোরেট ফিন্যান্স	২৯
৫	নিবন্ধন	৩০
৬	সার্ভেইল্যান্স	৩১
৭	সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়্যারিজ	৩৫
৮	এনফোর্সমেন্ট	৩৭
৯	আন্তর্জাতিক সম্পর্ক	৩৮
১০	কর্পোরেট রিপোর্টিং	৩৯
১১	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	৪১
১২	লিগ্যাল সার্ভিস	৪২
১৩	ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন	৪৩
১৪	ফিন্যান্সিয়াল লিটারেসি	৪৪
১৫	ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস	৪৫
১৬	কমোডিটি প্রোডাক্ট	৪৬
১৭	জনসংযোগ	৪৭
১৮	মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন	৪৮
১৯	স্টক এক্সচেঞ্জ এর লেনদেন সম্পর্কিত তথ্যাবলি	৪৯





বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৯৩ সালের ৮ই জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদাধীনে আনুষঙ্গিক বিধিবিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন এবং সে অনুসারে বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব মাসুদ খান, কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব তানভীর হাবিব রহমান, সিপিএ, জনাব নাহিদ মাহতাব, এবং জনাব মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম।

প্রথম অংশ

১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

ক্রম	নাম	দায়িত্বপ্রাপ্ত বিভাগ
১	জনাব মোঃ আনোয়ারুল ইসলাম	ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন ডেরিভেটিভস ডিভিশন
২	জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী	ল' ডিভিশন
৩	জনাব কামরুল আনাম খান, এফসিএমএ	চীফ একাউন্টেন্ট ডিভিশন ইন্টারন্যাশনাল অডিট অ্যান্ড কমপ্লায়েন্স ডিভিশন
৪	জনাব মোহাম্মদ রেজাউল করিম	সাময়িক বহিস্কৃত
৫	জনাব মোহাম্মদ শফিউল আজম	অ্যাডমিন অ্যান্ড ফিন্যান্স ডিভিশন ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন
৬	জনাব রিপন কুমার দেবনাথ	এনফোর্সমেন্ট ডিভিশন
৭	জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী	মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন
৮	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম	কর্পোরেট ফিন্যান্স ডিভিশন আর অ্যান্ড ডি ডিভিশন
৯	জনাব মোঃ আবুল কালাম	মার্কেট অ্যান্ড ইন্টারমিডিয়েরিজ অ্যাফেয়ার্স ডিভিশন

২. পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ ও অন্যান্য বিশেষ কার্যক্রম

২.১ বিএসইসি'র সঙ্গে পুঁজিবাজারের অংশীজনদের মাসিক সমন্বয় সভা

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন'র সঙ্গে পুঁজিবাজার অংশীজনদের ৬ষ্ঠ মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ৫ এপ্রিল রাজধানীর আগারগাঁওয়ের বিএসইসি'র মাল্টিপারপাস হলে সকাল সাড়ে ১০ টায় এই সভা শুরু হয়। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মু. মোহসিন চৌধুরী, কমিশনার মো. আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ, কমিশনার মো. সাইফুদ্দিন, সিএফএ এবং পুঁজিবাজার অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনের শীর্ষ প্রতিনিধিরা সভায় উপস্থিত ছিলেন। সভায় পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উন্মুক্ত আলোচনা হয়।

সভায় পুঁজিবাজার উন্নয়নের উদ্যোগ ও কার্যক্রম, দেশের পুঁজিবাজারকে ফ্রন্টিয়ার মার্কেট থেকে ইমার্জিং মার্কেটে রূপান্তরে উদ্যোগ গ্রহণ, পুঁজিবাজারে e-KYC বাস্তবায়নে পরিকল্পনা মাফিক উদ্যোগ নেওয়া, কমোডিটি এক্সচেঞ্জ চালুকরণ, পুঁজিবাজারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় বাড়ানো, পাবলিক ইন্টারেস্ট কোম্পানির জন্য সুনির্দিষ্ট মানদণ্ড নির্ধারণ করে পুঁজিবাজারে তালিকাভুক্তকরণ, পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, সিসিবিএল'র রেজিস্ট্রেশন সম্পন্নকরণ ও প্রতিষ্ঠানটির সক্ষমতা বৃদ্ধি নিয়ে আলোচনা হয়।

এ ছাড়া বিনিয়োগ শিক্ষার প্রসার ও বিকাশ, পুঁজিবাজারে নতুন পণ্য নিয়ে আস ও পণ্য বৈচিত্রায়ণ, পুঁজিবাজারে সবধরনের কারসাজি ও অনিয়ম প্রতিরোধ, ইনভেস্টর প্রটেকশন ফান্ডের মাধ্যমে ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের ক্ষতিপূরণ, অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যারের বাস্তবায়ন নিশ্চিতকরণ, প্রাইস সেনসেটিভ ইনফরমেশন (পিএসআই) এর যথার্থতা নিশ্চিতকরণ, নেগেটিভ ইকুইটি ও আনরিয়েলাইজড লস'র সমাধান, বিনিয়োগ শিক্ষার প্রসার এবং বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি ও বিনিয়োগকারীদের সুরক্ষা নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়েও বিস্তারিত আলোচনা হয়।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান পুঁজিবাজারের উন্নয়নে কমিশনের নিরলস প্রচেষ্টার বিষয় তুলে ধরেন। তিনি বলেন, 'মার্জিন বিধিমালা, ২০২৫; মিউচুয়াল ফান্ড বিধিমালা, ২০২৫ ও পাবলিক অফার অব ইকুইটি সিকিউরিটিজ রুলস, ২০২৫; এ তিনটি রুলসের মাধ্যমে পুঁজিবাজারের আইনি সংস্কারের বড় অংশ সম্পন্ন হয়েছে। শিগগিরই কর্পোরেট গভর্ন্যান্সসংক্রান্ত বিধিমালাও হবে। দেশের বৃহৎ পাবলিক ইন্টারেস্ট কোম্পানিগুলোকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তকরণে কমিশন সর্বোচ্চ অগ্রাধিকার (top most priority) দিয়ে কাজ করছে এবং এক্ষেত্রে সরকার ও বাজারসংশ্লিষ্টদের সহায়ক ভূমিকা প্রয়োজন।'

সভায় সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল)-এর চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) মো. ওয়াহিদ-উজ-জামান, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ)-এর প্রেসিডেন্ট সাইফুল ইসলাম, ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুর রহমান মজুমদার, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশের (আইসিবি) উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. নূরুল হুদা, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল মোতালেব, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) আ স ম খায়রুজ্জামান উপস্থিত ছিলেন।

এ ছাড়াও আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসি'র সিও মো. আল আমিন তালুকদার, ঢাকা ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. নাসিফ আল তারিক, ডিএসই'র ভারপ্রাপ্ত চিফ রেগুলেটরি অফিসার (সিআরও) মোহাম্মদ শফিকুল ইসলাম ভূইয়া, ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) প্রধান আর্থিক কর্মকর্তা (সিএফও) মো. আবিদ হোসেন খান, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) স্বতন্ত্র পরিচালক অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম, সিডিবিএল'র সিএফও মুহাম্মদ শহিদুল ইসলাম, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম)-এর ভারপ্রাপ্ত মহাপরিচালক কামরুল আনাম খান, বিএসইসি'র নির্বাহী পরিচালক ও পরিচালকগণসহ অনেকে সভায় উপস্থিত ছিলেন।



বিএসইসি ও পুঁজিবাজারের অংশীজনদের মধ্যকার সমন্বয় সভায় উপস্থিত সদস্যগণ

২.২ নির্বাহী পরিচালক এম. হাছান মাহমুদের বিদায় অনুষ্ঠান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) নির্বাহী পরিচালক এম. হাছান মাহমুদের চাকরিকাল শেষে অবসর-উত্তর ছুটিতে যাওয়া উপলক্ষ্যে এক বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ৭ এপ্রিল (মঙ্গলবার) বিকেল সোয়া ৩ টায় কমিশনের মাল্টিপারপাস হলে ওই বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কমিশনের সব গ্রেডের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

বিএসইসি'র কমিশনার মু. মোহসিন চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য দেন- বিএসইসি'র কমিশনার মো. আলী আকবর, নির্বাহী পরিচালক মো. আনোয়ারুল ইসলাম ও সদ্য বিদায়ী নির্বাহী পরিচালক এম. হাছান মাহমুদ।

এ ছাড়াও কমিশনের ১০০৭তম কমিশন সভায় (২০২৬ সালের ৭ এপ্রিল) নির্বাহী পরিচালক এম. হাছান মাহমুদের অবসর জীবন আনন্দময়, সুস্বাস্থ্যকর ও শান্তিময় হোক এই কামনা করে এবং ভবিষ্যতেও তার অভিজ্ঞতা ও দিকনির্দেশনা পাওয়ার আশাবাদ ব্যক্ত করে সর্বসম্মতিক্রমে একটি ধন্যবাদ প্রস্তাব গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে চেয়ারম্যানের ডিও পত্রের মাধ্যমে শুভেচ্ছা প্রস্তাব সংবলিত পত্র জারিরও সিদ্ধান্ত হয়।

এম. হাছান মাহমুদের অবসর গ্রহণ উপলক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পরিবারের পক্ষ থেকে কমিশন সভায় তাকে আন্তরিক অভিনন্দন জানানো হয়। সুদীর্ঘ দুই যুগেরও বেশি সময় ধরে এই কমিশনে তার পদচারণা কেবল একজন দক্ষ কর্মকর্তার উপস্থিতি ছিল না, বরং তা ছিল সততা, মেধা এবং কর্মনিষ্ঠার অনন্য এক উদাহরণ।



নির্বাহী পরিচালক এম. হাছান মাহমুদের বিদায় অনুষ্ঠানের অংশ বিশেষ

সভায় বক্তরা বলেন, একজন চৌকস নির্বাহী পরিচালক হিসেবে তার সূক্ষ্ম বিচার-বিশ্লেষণ এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সবাইকে মুগ্ধ করেছে। তার মতো একজন সৎ, দক্ষ, অভিজ্ঞ ও নিবেদিতপ্রাণ সহকর্মীর অবসর গ্রহণে কমিশন এক বিশাল শূন্যতা অনুভব করবে। তবে তার দেখানো কাজের আদর্শ ও শৃঙ্খলা ভবিষ্যৎ প্রজন্মের কর্মকর্তাদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে মর্মে সভায় মত ব্যক্ত করা হয়।

বিগত বছরগুলোতে কমিশনের প্রতিটি সাফল্যে তার যে অনবদ্য অবদান রয়েছে, তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করা অনুষ্ঠানে। পেশাগত সম্পর্কের উর্ধ্বে তার অমায়িক ব্যক্তিত্ব ও নেতৃত্বসুলভ আচরণ কমিশনের সবার কাছে বিশেষভাবে প্রশংসিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়। তার অবসর জীবন আনন্দময়, সুস্বাস্থ্যকর ও শান্তিময় হোক এবং তিনি পরিপূর্ণ সুস্থতায় দীর্ঘায়ু লাভ করন্ত এই কামনা করা হয়। অবসরে গেলেও তার দীর্ঘ অভিজ্ঞতা ও মেধা ভবিষ্যতে প্রয়োজনে কমিশনের পথপ্রদর্শক হিসেবে কাজ করবে বলে আশা প্রকাশ করা হয়।

উল্লেখ্য, এম. হাছান মাহমুদ ১৭ সেপ্টেম্বর ২০০১ তারিখে উপ-পরিচালক হিসেবে কমিশনের চাকরিতে যোগদান করেন এবং ২০০৬ ও ২০১১ সালে যথাক্রমে পরিচালক ও নির্বাহী পরিচালক হিসেবে পদোন্নতি লাভ করেন। চাকরিকালে তিনি কমিশনের কর্পোরেট ফিন্যান্স ডিভিশন, ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন, এনফোর্সমেন্ট ডিভিশন, ইন্টারনাল অডিট ও কমপ্লায়েন্স ডিভিশন, রেজিস্ট্রেশন অ্যান্ড লাইসেন্সিং ডিপার্টমেন্টসহ বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্টে দায়িত্ব পালন করেছেন।

তার বর্ণাঢ্য কর্মজীবনে তিনি পুঁজিবাজারের শৃঙ্খলা রক্ষা, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ আইন বাস্তবায়নে বলিষ্ঠ ও দূরদর্শী ভূমিকা রেখেছেন, যা কমিশনে চিরস্মরণীয় হয়ে থাকবে।

২.৩ বিএসইসি'র উদ্যোগে আয়োজিত 'আর্থিক জ্ঞানবিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণ অনুষ্ঠান

বিএসইসি'র উদ্যোগে আয়োজিত 'আর্থিক জ্ঞানবিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। ২০২৬ সালের ১২ এপ্রিল (রোববার) রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি'র মাল্টিপারপাস হলে (৩য় তলায়) এই পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ, জুরিবোর্ড সদস্যগণ, কমিশনের নির্বাহী পরিচালক ও পরিচালকগণসহ অনেকেই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য দেন বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ এবং স্বাগত বক্তৃতা করেন বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ। এ ছাড়াও অনুষ্ঠানে বক্তব্য দেন 'আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র জুরিবোর্ডের সদস্য 'দৈনিক আমার দেশ' পত্রিকার ডেপুটি এডিটর সুলতান মাহমুদ বিন জুলফিকার ও ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অব কমিউনিকেশনের ডিরেক্টর খায়রুল বাশার। অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্তদের ভিডিওগুলো প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে কমিশনার ফারজানা লালারুখ উপস্থিত সবাইকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, “একটি সুস্থ, স্থিতিশীল ও টেকসই পুঁজিবাজার গড়ে তোলার জন্য বিনিয়োগকারীদের যথাযথ জ্ঞান ও সচেতনতার কোনো বিকল্প নেই। এই লক্ষ্যকে সামনে রেখে বিএসইসি দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা সম্প্রসারণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই ধারাবাহিক উদ্যোগের অংশ হিসেবে বিএসইসি 'আর্থিক জ্ঞানবিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র আয়োজন করেছে। দেশে প্রথমবারের মতো এ ধরনের প্রতিযোগিতার আয়োজন করা নিঃসন্দেহে একটি মাইলফলক।”

তিনি আরও উল্লেখ করেন, ‘শর্ট ভিডিও প্রতিযোগিতাটি দেশের যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত ছিল। এই প্রতিযোগিতায় সারাদেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজ থেকেও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে। প্রতিযোগিতায় ৪২৫টি দল নিবন্ধন করে এবং ৯০টি দল তিনটি ক্যাটাগরিতে মোট ৯০টি ভিডিও জমা দেয়। সেখান থেকে সেরাদেরই বিজয়ী হিসেবে নির্বাচন করা হয়েছে। এ ক্ষেত্রে মূল্যায়ন প্রক্রিয়াটি অত্যন্ত স্বচ্ছ, নিরপেক্ষ ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে। এই প্রতিযোগিতার মাধ্যমে তরুণ প্রজন্ম শুধু সৃজনশীলতাই দেখায়নি, বরং বিনিয়োগ শিক্ষা ও সচেতনতার বার্তা সারাদেশে ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আগামীতে বিএসইসি ফের এ ধরনের আয়োজন করব বলে আশা রাখছি।’

সভাপতির বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ বলেন, ‘যদি তরুণ প্রজন্মকে সঠিক সময়ে সঠিক জ্ঞান দেওয়া যায়, তাহলে তারা ভবিষ্যতে দায়িত্বশীল বিনিয়োগকারী হিসেবে গড়ে উঠবে এবং একটি সুস্থ পুঁজিবাজার বিনির্মাণে নেতৃত্ব দেবে। এই প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা শুধু নিজেদের সৃজনশীলতা প্রকাশ করেনি, বরং তারা বিনিয়োগ শিক্ষাবিষয়ক গুরুত্বপূর্ণ বার্তাগুলো সমাজের মাঝে ছড়িয়ে দিয়েছে। তাদের তৈরি ভিডিওগুলো ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে ব্যবহারের মাধ্যমে আমরা সাধারণ বিনিয়োগকারীদের মাঝেও সচেতনতা বাড়াতে পারব। আজকের এই অংশগ্রহণকারীরাই আগামী দিনের সচেতন ও শিক্ষিত বিনিয়োগকারী হিসেবে গড়ে উঠবে। একই সাথে, তাদের মাধ্যমে এই জ্ঞান ও সচেতনতা পরিবার, সমাজ এবং জাতীয় পর্যায়ে ছড়িয়ে পড়বে।’

তিনি বলেন, ‘এই প্রতিযোগিতাকে আমি শুধুমাত্র একটি ইভেন্ট হিসেবে দেখি না। আমি এটিকে একটি দীর্ঘমেয়াদী বিনিয়োগ শিক্ষা আন্দোলনের অংশ হিসেবে দেখি। আমরা চাই, এই ধরনের উদ্যোগ নিয়মিতভাবে চলমান থাকুক এবং দেশের প্রতিটি স্তরের মানুষের কাছে বিনিয়োগ শিক্ষা পৌঁছে যাক। আসুন, আমরা সবাই মিলে একটি সচেতন, জ্ঞানভিত্তিক এবং সমৃদ্ধ পুঁজিবাজার গড়ে তুলি যা আমাদের জাতীয় অর্থনীতিকে আরও শক্তিশালী করবে।’ তিনি আরও বলেন, ‘প্রতিযোগিতার ভিডিওগুলো দেশব্যাপী ছড়িয়ে দেওয়া হবে এবং বিনিয়োগ শিক্ষার প্রসারে জেলা-উপজেলা পর্যায়ে মাঠ প্রশাসনকেও এক্ষেত্রে যুক্ত করা হয়েছে।’ তিনি পুরস্কারপ্রাপ্ত বিজয়ীদের আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

অনুষ্ঠানে জুরিবোর্ড সদস্য 'দৈনিক আমার দেশ'র ডেপুটি এডিটর সুলতান মাহমুদ বিন জুলফিকার বলেন, “আর্থিক জ্ঞানবিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র আয়োজনের জন্য বিএসইসিকে সাধুবাদ জানাই। পুঁজিবাজারের অঙ্গপ্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইটে এবং দেশের টেলিভিশন চ্যানেলগুলোতে প্রতিযোগিতার ভিডিও ক্লিপসমূহ প্রচারের অনুরোধ জানাচ্ছি। বর্তমান সরকার প্রধান থেকে অর্থমন্ত্রী সকলেই পুঁজিবাজারকে প্রাণবন্ত করার কথা বলছেন। আশা করি বিএসইসি তার সাধ্য অনুযায়ী চেষ্টা করবে।”

অনুষ্ঠানে জুরিবোর্ডের আরেক সদস্য ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অব কমিউনিকেশনের ডিরেক্টর খায়রুল বাশার বলেন, ‘তারুণ্যের শক্তিই বাংলাদেশের মূল শক্তি। নতুন প্রজন্ম ভিন্নভাবে চিন্তা করে। ভিডিওগুলোতে তারা সৃষ্টিশীল কাজ করেছে এবং চমৎকার স্টোরি টেলিং রয়েছে সেগুলোতে। তাদের উদ্যম ও ধারাবাহিকতা দেশের জন্য গুরুত্বপূর্ণ। পলিসি মেকার ও তরুণ প্রজন্মের সংযোগ জরুরি।’



অনুষ্ঠানে ‘সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি’, ‘পুঁজিবাজারে ঝুঁকি’ ও ‘পুঁজিবাজারে সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান’-এই তিন ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের মাঝে মোট নয়টি পুরস্কার তুলে দেওয়া হয়। সেই সঙ্গে ১০টি উৎসাহ পুরস্কার দেওয়া হয়। বিএসইসির চেয়ারম্যান ও কমিশনারগণ পুরস্কারপ্রাপ্তদের হাতে সনদ, ফ্রেস্ট ও চেক তুলে দেন। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের যথাক্রমে ৬০ হাজার, ৪৫ হাজার ও ৩০ হাজার টাকার অর্থপুরস্কার দেওয়া হয় এবং উৎসাহ পুরস্কার প্রাপ্তদের ১৫ হাজার টাকার অর্থপুরস্কার দেওয়া হয়।

পুরস্কার প্রাপ্ত দলগুলো হলো- ‘সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি’ ক্যাটাগরিতে প্রথম পুরস্কার: New Bangladesh (Hamdard University Bangladesh), দ্বিতীয় পুরস্কার: Looser (University of Rajshahi), তৃতীয় পুরস্কার: GM Studios (BRAC University)

‘পুঁজিবাজারে ঝুঁকি’ ক্যাটাগরিতে প্রথম পুরস্কার: Shwapno (IBA, University of Dhaka), দ্বিতীয় পুরস্কার: CINE ART (Jahangirnagar University), তৃতীয় পুরস্কার: DU Finance (University of Dhaka)

পুঁজিবাজারে সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান’ ক্যাটাগরিতে- প্রথম পুরস্কার: The Blind Men (Hajee Mohammad Danesh Science and Technology University), দ্বিতীয় পুরস্কার: Akatsuki (Brac University), তৃতীয় পুরস্কার: Information Scorpion (Bangladesh University of Professionals)

এ ছাড়া উৎসাহ পুরস্কার প্রাপ্ত টিমগুলো হলো- 1) Progoti, 2) Stock Sensei, 3) AR Studio, 4) Team AdorBador, 5) FinFlicks, 6) Team Arthosutra, 7) Team Crisis, 8) Team Elomelo, 9) Team FinLit, 10) Team Mughdol



কমিশনের চেয়ারম্যান, কমিশনারগণ ও আর্থিক জ্ঞানবিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বিচারক এবং বিজয়ীরা

২.৪ মার্চেন্ট ব্যাংকগুলোর শীর্ষ প্রতিনিধিদের সঙ্গে বিএসইসির সভা অনুষ্ঠিত

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সঙ্গে পুঁজিবাজারের সকল মার্চেন্ট ব্যাংকগুলোর শীর্ষ প্রতিনিধিদের সভা অনুষ্ঠিত হয়। ২০২৬ সালের ১৫ এপ্রিল দুপুর ২টায় রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি'র মাল্টিপারপাস হলে সভাটি অনুষ্ঠিত হয়।

বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মু. মোহসিন চৌধুরী, কমিশনার মো. আলী আকবর, কমিশনার ফারজানা লালারঞ্খ, কমিশনার মো. সাইফুদ্দিন, সিএফএ এবং মার্চেন্ট ব্যাংকগুলোর শীর্ষ প্রতিনিধিরা সভায় উপস্থিত ছিলেন। এ সময় পুঁজিবাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

সভায় বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ বলেন, ‘পুঁজিবাজারের দীর্ঘমেয়াদি ও টেকসই উন্নয়ন এবং বিনিয়োগকারীদের পূর্ণ সুরক্ষা নিশ্চিত করে কমিশন কাজ করছে।’ ইস্যু ম্যানেজারদের প্রতি দুই বছর পর অন্তত একটি নতুন কোম্পানি বা আইপিও আবেদন আনতে হবে মর্মে ইস্যু নিবন্ধনের ক্ষেত্রে শর্তে রয়েছে। কিন্তু লাইসেন্সপ্রাপ্ত যেসব ইস্যু ম্যানেজার বা মার্চেন্ট ব্যাংকার শর্ত অনুযায়ী ইস্যু আনতে পারেননি তাদের শর্ত পরিপালনের জন্য কঠোরভাবে সতর্ক করেন তিনি। কমিশন পাবলিক ইন্টারেস্ট কোম্পানিগুলোর বিষয়ে নতুন নির্দেশনা জারি করতে যাচ্ছে জানিয়ে এক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন বিএসইসি চেয়ারম্যান।

সভায় পুঁজিবাজারে নতুন ইস্যুয়ার কোম্পানি তালিকাভুক্তি, ভালো মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানিগুলোকে পুঁজিবাজারে তালিকাভুক্তি, পাবলিক ইন্টারেস্ট কোম্পানিগুলোতে সুশাসন নিশ্চিতকরণ ও পুঁজিবাজারে তালিকাভুক্তকরণ, তালিকাভুক্তির ক্ষেত্রে সম্ভাব্য প্রতিবন্ধকতা ও তার সমাধান, ইস্যু ম্যানেজারদের কাছে প্রক্রিয়াধীন ইস্যুগুলো, নেগেটিভ ইকুইটি ও আনরিয়েলাইজড লসের প্রভিশন সংরক্ষণ নিশ্চিতকরণ, বন্ডের মাধ্যমে অর্থায়ন, পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে প্রতিষ্ঠিতকরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এ সময় ম্যানেজাররা তাদের পাইপলাইনে থাকা প্রক্রিয়াধীন ইস্যুগুলো সম্পর্কে হাল নাগাদ তথ্য তুলে ধরেন এবং শিগগিরই পুঁজিবাজারে নতুন কোম্পানি বা আইপিও আনার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

সভায় ট্রিপল এ ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, এবি ইনভেস্টমেন্ট লিমিটেড, অনধপর ইনভেস্টমেন্টস লিমিটেড, অগ্রণী ইকুইটি অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, এআইবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, অ্যালায়েন্স ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড, আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, সিম ক্যাপিটাল লিমিটেড, বিডি ফাইন্যান্স ক্যাপিটাল হোল্ডিংস লিমিটেড, বেটা ওয়ান ইনভেস্টমেন্টস লিমিটেড (সিএএল ইনভেস্টমেন্টস লিমিটেড), বিএলআই ক্যাপিটাল লিমিটেড, বিএমএসএল ইনভেস্টমেন্ট লিমিটেড, ব্র্যাক ইপিএল ইনভেস্টমেন্ট লিমিটেড, সিএপিএম অ্যাডভাইজরি লিমিটেড, সিবিসি ক্যাপিটাল অ্যান্ড ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড, সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড, কমিউনিটি ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড, ঢাকা ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড, ইবিএল ইনভেস্টমেন্টস লিমিটেড, ইসি সিকিউরিটিজ লিমিটেড, এক্সিম ইসলামী ইনভেস্টমেন্ট লিমিটেড, ঋঅব ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ক্যাপিটাল অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, গ্রামীণ ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, গ্রিন ডেল্টা ক্যাপিটাল লিমিটেড, জিএসপি ইনভেস্টমেন্টস লিমিটেড, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইডিএলসি ইনভেস্টমেন্টস লিমিটেড, আইএফআইসি ইনভেস্টমেন্ট লিমিটেড, আইআইডিএফসি ক্যাপিটাল লিমিটেডের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ ছাড়াও আইএল ক্যাপিটাল লিমিটেড, ইম্পেরিয়াল ক্যাপিটাল লিমিটেড, ইসলামী ব্যাংক ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, যমুনা ব্যাংক ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, জনতা ক্যাপিটাল অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, লক্ষাবাংলা ইনভেস্টমেন্টস লিমিটেড, মেঘনা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, মিডাস ইনভেস্টমেন্ট লিমিটেড, এমটিবি ক্যাপিটাল লিমিটেড, এনবিএল ক্যাপিটাল অ্যান্ড ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড, এনডিবি ক্যাপিটাল লিমিটেড, নর্থ স্টার ইনভেস্টমেন্টস (বিডি) লিমিটেড, পিএলএফএস ইনভেস্টমেন্টস লিমিটেড, প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড, প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, রেস পোর্টফোলিও অ্যান্ড ইস্যু ম্যানেজমেন্ট লিমিটেড, রিভারস্টোন ক্যাপিটাল লিমিটেড, রূপালী ইনভেস্টমেন্টস লিঃ,

সন্ধানী লাইফ ফাইন্যান্স লিমিটেড, এসবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, শাহজালাল ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড, সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড, সাউথইস্ট ব্যাংক ক্যাপিটাল সার্ভিসেস লিমিটেড, স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লিমিটেড, স্বদেশ ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট লিমিটেড, ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেড, ইউনিক্যাপ ইনভেস্টমেন্টস লিমিটেড, উত্তরা ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড ও বিএসইসির নির্বাহী পরিচালকসহ আরও অনেকে সভায় অংশ নেন।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সঙ্গে মার্চেন্ট ব্যাংকগুলোর শীর্ষ প্রতিনিধিদের সভা

২.৫ প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজারবিষয়ক বিশেষ সহকারী তানভীর গনির সঙ্গে বিএসইসি'র সভা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজারবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) তানভীর গনির সঙ্গে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সভা অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ১৬ এপ্রিল বেলা ১১টায় রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি'র কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এতে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মু. মোহসিন চৌধুরী, কমিশনার মো. আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ, কমিশনার মো. সাইফুদ্দিন, সিএফএ এবং বিএসইসির কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সামগ্রিক কর্মকাণ্ড, পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসি কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জিত সাফল্য এবং নির্বাচনী ইশতেহার অনুযায়ী বিএসইসির ভবিষ্যত পরিকল্পনাসহ সংশ্লিষ্ট বিষয়গুলো তুলে ধরে একটি প্রেজেন্টেশন দেওয়া হয়।

পুঁজিবাজারের উন্নয়নে সাম্প্রতিক সময়ে বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো সম্পর্কে প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজারবিষয়ক বিশেষ সহকারীকে অবহিত করা হয়। এ সময় তিনি পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে খোঁজ নেন।



প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজারবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) তানভীর গনির সঙ্গে বিএসইসি'র সভা

২.৬ ‘Discussion Meeting on IPO Proceeds Utilization for Loan Repayment or Investments of Issuer’ শীর্ষক বৈঠক

পুঁজিবাজারে প্রাথমিক গণপ্রস্তাব বা আইপিও’র মাধ্যমে সংগৃহীত অর্থ ইস্যুয়ার কোম্পানির ঋণ পরিশোধ (Loan Repayment) ও বিনিয়োগ (Investments) এর ক্ষেত্রে ব্যবহারসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে ‘Discussion Meeting on IPO Proceeds Utilization for Loan Repayment or Investments of Issuer’ শীর্ষক বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ২৩ এপ্রিল রাজধানীর আগারগাঁওয়ের বিএসইসি’র মাল্টিপারপাস হলে এ সভা অনুষ্ঠিত হয়। এতে বিএসইসি’র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মু. মোহসিন চৌধুরী, কমিশনার মো. আলী আকবর, কমিশনার মো. সাইফুদ্দিন, সিএফএ এবং পুঁজিবাজার অংশীজন প্রতিষ্ঠানের শীর্ষ প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ বলেন, ‘পুঁজিবাজারের দীর্ঘমেয়াদি ও টেকসই উন্নয়নের লক্ষ্যে এবং প্রাণবন্ত ও গতিশীল পুঁজিবাজার গড়তে কমিশন কাজ করছে। এ ছাড়া পুঁজিবাজারের নতুন কোম্পানি তালিকাভুক্তি উৎসাহিত করতেও কাজ করে যাচ্ছে বিএসইসি। আইপিও’র মাধ্যমে সংগৃহীত অর্থ ব্যবহারের ক্ষেত্রে অংশীজনদের মতামত ও প্রস্তাবনাগুলো বিএসইসি মূল্যায়ন করে দেখবে। তবে আমাদের অন্যতম প্রধান ম্যান্ডেট হলো পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা করা। সেজন্য পুঁজিবাজারের সামগ্রিক উন্নয়ন ও বিনিয়োগকারীদের পূর্ণ সুরক্ষার বিষয়টি নিশ্চিত করেই কাজ করবে বিএসইসি।’ এ সময় তিনি পুঁজিবাজারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধির ওপর জোর দেন। পাবলিক ইন্টারেস্ট কোম্পানিগুলোকে গভর্নেন্স ফ্রেমওয়ারকে আনা এবং পুঁজিবাজারে তালিকাভুক্তির বিষয়ে কাজ চলছে বলেও জানান তিনি।



‘Meeting on IPO Proceeds Utilization for Loan Repayment or Investments of Issuer’

সভায় নতুন পাবলিক ইস্যু রুলসের অধীনে আইপিও আবেদন, লিস্টিং এবং আইপিও'র অর্থের ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় অংশীজনদের পক্ষ থেকে প্রাথমিক গণপ্রস্তাব বা আইপিও'র মাধ্যমে সংগৃহীত অর্থ থেকে ঋণ পরিশোধের ক্ষেত্রে নমনীয় দৃষ্টিভঙ্গি রাখার পরামর্শ দেওয়া হয়েছে। সেই সঙ্গে সভায় পুনঃতফসিল ও মন্দ ঋণ এবং খেলাপি বা মন্দ ঋণ (Bad Loan)-কেও আইপিও'র মাধ্যমে সংগৃহীত অর্থ থেকে পরিশোধের সুযোগ দেওয়ার দাবি জানান তারা। এ ছাড়াও সভায় বন্ড মার্কেটের উন্নয়ন, পুঁজিবাজারের মাধ্যমে দীর্ঘমেয়াদি অর্থায়ন, সুশাসন নিশ্চিতকরণসহ অনেক বিষয়ে আলোচনা হয়।

সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেডের (CDBL) এর চেয়ারম্যান ও স্কার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তপন চৌধুরী, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকসের (BAB) এর চেয়ারম্যান ও ঢাকা ব্যাংক পিএলসির চেয়ারম্যান আবদুল হাই সরকার, লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (LFMEAB)-এর প্রেসিডেন্ট ও অ্যাপেক্স ফুটওয়্যার এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর, মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ঢাকা (MCCI)-এর প্রেসিডেন্ট কামরান তানভির রহমান, অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের (ABB) এর চেয়ারম্যান ও সিটি ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মশরুর আরেফিন, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE)'র চেয়ারম্যান মমিনুল ইসলাম, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (CSE)'র চেয়ারম্যান একেএম হাবিবুর রহমান, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (DBA) এর প্রেসিডেন্ট সাইফুল ইসলাম, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (BAPLC)-এর প্রেসিডেন্ট রিয়াদ মাহমুদ, ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার, সিএসই'র ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুর রহমান মজুমদার, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (BMBA) প্রেসিডেন্ট ইফতেখার আলম, সেক্রেটারি জেনারেল সুমিত পোদ্দার, ট্রেজারার সৈয়দ রাশেদ হোসেন, নির্বাহী কমিটির সদস্য মো. মোমিনুল হক, ডিএসই'র ভারপ্রাপ্ত চিফ রেগুলেটরি অফিসার (সিআরও) মোহাম্মদ শফিকুল ইসলাম ভূঁইয়া, ঢাকা ব্যাংক সিকিউরিটিজের ব্যবস্থাপনা পরিচালক মো. নাফিজ আল তারেক, সিটি ব্যাংক ক্যাপিটাল'র ব্যবস্থাপনা পরিচালক মো. সোহেল হক, বিএসইসির নির্বাহী পরিচালক ও পরিচালকরাসহ অনেকে উপস্থিত ছিলেন।

২.৭ তালিকাভুক্ত কোম্পানিগুলোতে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগসংক্রান্ত বিএসইসির সভা

নির্ধারিত সময়ের মধ্যে ‘কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮’ অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিগুলোর পরিচালনা পর্ষদে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ কোম্পানিগুলোর কোম্পানি সচিবদের সঙ্গে বৈঠক করেছে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)।

২০২৬ সালের ২৯ এপ্রিল রাজধানীর আগারগাঁওয়ের বিএসইসি’র মাল্টিপারপাস হলে বেলা ১১ বৈঠকটি অনুষ্ঠিত হয়। কমিশনের কর্পোরেট গভর্নেন্স ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজিত বৈঠকে সভাপতিত্ব করেন বিএসইসির নির্বাহী পরিচালক মো. আনোয়ারুল ইসলাম। এতে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ তালিকাভুক্ত কোম্পানিগুলোর কোম্পানি সচিবরা উপস্থিত ছিলেন।

বৈঠকে কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ অনুযায়ী ব্যবসায়িক উদ্যোক্তা, ব্যবসায়িক সংগঠনের সদস্য, কর্পোরেট লিডার, সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সরকারি চাকরিজীবী (অবসরপ্রাপ্ত/চাকুরিরত), প্রফেশনাল ডিগ্রিধারী, হাইকোর্ট ডিভিশনে নিয়োজিত আইনজীবী পেশায় নিয়োজিত আছেন- এমন নারীদের তালিকাভুক্ত কোম্পানিগুলোর পরিচালনা পর্ষদে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ হিসেবে নিয়োগ দেওয়ার কথা বলা হয়। ‘কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮’ অনুযায়ী ৩০ জুনের মধ্যে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগ সম্পন্ন করার নির্দেশনাও দেওয়া হয়। এই সময়ের মধ্যে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ হলে কমিশন ওই কোম্পানিগুলোর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে বলে সভায় বিশেষভাবে অবহিত করা হয়।



কর্পোরেট গভর্নেন্স কোড অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিগুলোতে ‘নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ’ সংক্রান্ত বিএসইসির সভা

উল্লেখ্য, কমিশনের কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ এর শর্ত নম্বর ১(২) (এ) সংশোধন করে তালিকাভুক্ত কোম্পানিগুলোতে একজন নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ বাধ্যতামূলক করে ২৯ এপ্রিল ২০২৪ তারিখে গেজেট প্রকাশ করে। ওই শর্তানুযায়ী এক বছরের মধ্যে নিয়োগ সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হয়। পরবর্তী সময়ে কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিগুলোতে একজন ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগের মেয়াদ ২০২৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়।

কমিশনের চাহিদার প্রেক্ষিতে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি তালিকাভুক্ত কোম্পানিগুলোকে একজন ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগের হালনাগাদ তথ্য কমিশনে দাখিল করেছেন। ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি কর্তৃক দাখিলকৃত তথ্যানুযায়ী ১৬৩টি তালিকাভুক্ত কোম্পানি এরই মধ্যে পরিচালনা পর্ষদে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগ দিয়েছে। এ ছাড়া ১৩১টি (একশ’ একত্রিশ) তালিকাভুক্ত কোম্পানি নির্ধারিত সময়ের মধ্যে ‘নারী স্বতন্ত্র পরিচালক’ নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ হয়েছে।

২.৮ বিএসইসি ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী উদ্যোক্তাদের নিয়ে যৌথ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) যৌথ উদ্যোগে দুই দিনব্যাপী ‘Training on Capital Raising by Public Offer for SME Entrepreneurs’ বিষয়ক যৌথ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ১৮-১৯ মে রাজধানীর আগারগাঁওয়ের বিএসইসি ভবনে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশ নেন। যারা মধ্যে এসএমই ফাউন্ডেশনের ছয় জন কর্মকর্তা, ২৮ জন এসএমই উদ্যোক্তা (বিশেষত নারী) ও কমিশনের কর্মকর্তারা ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন ঘোষণা করে সূচনা বক্তব্য দেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার ফারজানা লালারুখ। এতে স্বাগত বক্তব্য দেন এসএমই ফাউন্ডেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান এবং পরিচালনা পর্ষদের ম্যানেজিং পার্টনার খালিদ মাহমুদ খান।

কর্মশালার উদ্বোধনীতে বিএসইসি কমিশনার ফারজানা লালারুখ বলেন, ‘ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তারা অর্থনীতির অগ্রগতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহ করে তাদের ব্যবসা কীভাবে বাড়াতে পারবেন- এই প্রশিক্ষণ থেকে তার সুস্পষ্ট ধারণা নিতে পারবেন। সেজন্য এই প্রশিক্ষণ কর্মশালাটি উদ্যোক্তাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। তিনি তার বক্তব্যে পার্শ্ববর্তী দেশগুলো বিশেষ করে মালয়েশিয়ার উদাহরণ দিয়ে পুঁজিবাজারে এসএমই খাতের ভূমিকা তুলে ধরেন।



বিএসইসি ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Training on Capital Raising by Public Offer for SME Entrepreneurs’ বিষয়ক দুই দিনব্যাপী যৌথ প্রশিক্ষণ কর্মশালা

মূলত কোয়ালিফাইড ইনভেস্টর অফার (কিউআইও)-এর মাধ্যমে পুঁজি উত্তোলনের বিষয়ে বাস্তব ধারণা অর্জনের জন্য এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। এই কর্মশালার মাধ্যমে বাস্তব ধারণা অর্জন করে ভবিষ্যতে যাতে পুঁজিবাজারের সঙ্গে সম্পৃক্ত হয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে পারেন সে আহ্বান জানানো হয়। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মতামত গ্রহণ করা হলে তারা অবহিত করেছেন যে, এই প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞানের আলোকে অদূর ভবিষ্যতে তাদের প্রতিষ্ঠানগুলোকে পুঁজিবাজারে সম্পৃক্ত করবেন।

প্রশিক্ষণ কর্মশালায় পুঁজিবাজারের সঙ্গে সম্পৃক্ত সকল স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের প্রতিনিধি প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। এদের মধ্যে উল্লেখযোগ্য বিএসইসি, ঢাকা স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল এবং ইস্যু ম্যানেজার। দু'দিনের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

২.৯ বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান প্রসঙ্গে

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। ঈদ-উল আজহা পরবর্তী ২০২৬ সালের ৩ জুন রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি ভবনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার মু. মোহসিন চৌধুরী, কমিশনার মো. আলী আকবর, কমিশনার ফারজানা লালারুখ ও কমিশনার মো. সাইফুদ্দিন, সিএফএ-সহ বিএসইসি'র সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনারগণ বিএসইসি'র সকল থ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। এর পর বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ এবং সংস্থাটির নির্বাহী পরিচালক, পরিচালক, অতিরিক্ত পরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালকরা বক্তব্য দেন।

অনুষ্ঠানের শেষাংশে দেশ-জাতির সমৃদ্ধি ও সার্বিক কল্যাণ কামনা করা হয়। একইসঙ্গে দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের উন্নয়ন ও স্থিতিশীলতা এবং বিনিয়োগকারীদের কল্যাণ কামনা করা হয়।



চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের সাথে বিএসইসি'র কর্মকর্তা/ কর্মচারীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়

২.১০ নবনিযুক্ত কমিশনের সঙ্গে বিএসইসির শীর্ষ কর্মকর্তাদের সভা ও ডিএসইর সাক্ষাৎ

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে নবনিযুক্ত কমিশনের একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২৬ সালের ৭ জুন রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি কার্যালয়ে দুপুর ১২ টায় সভাটি অনুষ্ঠিত হয়।

সভায় বিএসইসি'র নবনিযুক্ত চেয়ারম্যান মাসুদ খান, কমিশনার তানভীর হাবিব রহমান, সিপিএ, নাহিদ মাহতাব ও মো. নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম এবং বিএসইসির শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ সময় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সামগ্রিক কর্মকাণ্ড, পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসির রোডম্যাপ এবং নির্বাচনী ইশতেহার অনুযায়ী সংস্থাটির ভবিষ্যত পরিকল্পনাসহ সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আলোচনা হয়।

এ ছাড়া বিকেল ৩ টার দিকে বিএসইসি'র কার্যালয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি নবনিযুক্ত কমিশনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় বিএসইসি'র চেয়ারম্যান, সকল কমিশনার, ডিএসই'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালকসহ শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সৌজন্য সাক্ষাৎকালে ডিএসই'র পক্ষ থেকে নবনিযুক্ত কমিশনকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

উল্লেখ্য, ২০২৬ সালের ৪ জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান হিসেবে মাসুদ খান এবং কমিশনার হিসেবে তানভীর হাবিব রহমান সিপিএ, নাহিদ মাহতাব ও মো. নাফিজ আল তারিক যোগ দিয়েছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৪/০৬/২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪২১.১১.০০০১.২৬-৮২ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) অনুযায়ী মাসুদ খানকে চার বছর মেয়াদের জন্য বিএসইসি'র চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

একই সঙ্গে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৪/০৬/২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪২১.১১.০০০১.২৬-৮৩, ৮৪ ও ৮৫ অনুযায়ী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) মোতাবেক যথাক্রমে তানভীর হাবিব রহমান সিপিএ, নাহিদ মাহতাব ও মো. নাফিজ আল তারিককে চার বছর মেয়াদের জন্য বিএসইসি'র কমিশনার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।



নবনিযুক্ত কমিশনের সঙ্গে বিএসইসির শীর্ষ কর্মকর্তাদের সভা ও ডিএসই'র সাক্ষাৎ

বিএসইসি'র নবনিযুক্ত চেয়ারম্যান মাসুদ খান দেশের শীর্ষস্থানীয় বহুজাতিক কোম্পানি ও স্থানীয় কর্পোরেট প্রতিষ্ঠানে দীর্ঘ ৪৬ বছর ধরে কাজ করেছেন। সর্বশেষ তিনি ইউনিলিভার কনজুমার কেয়ারের চেয়ারম্যানের দায়িত্বে ছিলেন। এ ছাড়াও তিনি সিঙ্গার বাংলাদেশ, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানি (বিএটিবিসি), বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেড ও কমিউনিটি ব্যাংকের পর্যদে স্বতন্ত্র পরিচালকের দায়িত্বে ছিলেন। তিনি লাফার্জহোলসিম বাংলাদেশ লিমিটেডের প্রধান অর্থ কর্মকর্তা ও সিইও'র উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন এবং অন্যান্য বহুজাতিক প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

মাসুদ খান ভারতের কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন সেন্ট জেভিয়ার্স কলেজ থেকে বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি অর্জন করেন। এ ছাড়া তিনি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া (ICAI) থেকে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (CA) এবং ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া থেকে কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট (CMA) হিসেবে পেশাগত যোগ্যতা অর্জন করেন।

বিএসইসি'র নবনিযুক্ত কমিশনার তানভীর হাবিব রহমান সিপিএ বিএসইসিতে যোগ দেওয়ার আগে আশা ইন্টারন্যাশনালের (ASA International) ফাইন্যান্স ডিরেক্টর হিসেবে কর্মরত ছিলেন। বিএসইসি'র নবনিযুক্ত কমিশনার নাহিদ মাহতাব পেশাগত জীবনে সুপ্রিম কোর্টের একজন আইনজীবী হিসেবে কাজ করেছেন। তিনি বাংলাদেশ সুপ্রিম কোর্টে আইন পেশায় দীর্ঘদিন যুক্ত ছিলেন এবং করপোরেট ও দেওয়ানি বিষয়াবলিতে বিশেষভাবে কাজ করেছেন।

আর বিএসইসি'র নবনিযুক্ত কমিশনার মো. নাফিজ আল তারিক বিএসইসিতে যোগ দেওয়ার আগে ঢাকা ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। তিনি সিএফএ (CFA) ও এফআরএম (FRM) ডিগ্রিধারী পুঁজিবাজার বিশেষজ্ঞ।

২.১১ বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজের (বিএপিএলসি) প্রতিনিধি দলের সঙ্গে বিএসইসির সভা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সঙ্গে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ১৮ জুন রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি ভবনে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় বিএসইসি'র চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) তানভীর হাবিব রহমান, সিপিএ, বিএসইসি'র কমিশনার নাহিদ মাহতাব, কমিশনার মো. নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (বিএপিএলসি)-এর পক্ষ থেকে সংগঠনটির সভাপতি ও ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক রিয়াদ মাহমুদ, সহ-সভাপতি ইঞ্জিনিয়ার সৈয়দ ইশতিয়াক আহমেদ ও সেক্রেটারি জেনারেল মো. আমজাদ হোসেন উপস্থিত ছিলেন।

সভায় পুঁজিবাজারের মাধ্যমে দীর্ঘমেয়াদি অর্থায়ন নিশ্চিতকরণ এবং দেশের পুঁজিবাজারে ভালো কোম্পানি তালিকাভুক্তির ওপর গুরুত্বারোপ করা হয়। ভালো অনেক কোম্পানির পুঁজিবাজারে তালিকাভুক্তিতে আগ্রহ রয়েছে এবং তালিকাভুক্ত কোম্পানিগুলোর সংগঠন হিসেবে বিএপিএলসি এক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে চায় মর্মে বিএপিএলসির পক্ষ থেকে সভায় জানানো হয়েছে।

একই সঙ্গে দেশের পুঁজিবাজারে নতুন কোম্পানির তালিকাভুক্তির ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতা ও সমস্যাগুলো সমাধানের অনুরোধ জানানো হয়। বিএসইসির পক্ষ থেকে পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগকারীদের কল্যাণের স্বার্থে যথা সম্ভব সহায়তার আশ্বাস দেওয়া হয়। এ ছাড়াও পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সভায় আলোচনা হয়।



বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজের (বিএপিএলসি) প্রতিনিধি দলের সঙ্গে বিএসইসির সভা

২.১২ ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) পিএলসি'র সার্ভেইল্যান্স টিমের সঙ্গে বিএসইসির বৈঠক

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সঙ্গে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE)-এর সার্ভেইল্যান্স টিমের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ২০২৬ সালের ২১ জুন রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসি ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে বিএসইসি'র পক্ষে সংস্থাটির চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) তানভীর হাবিব রহমান, সিপিএ, বিএসইসি'র কমিশনার নাহিদ মাহতাব, কমিশনার মো. নাসিফ আল তারিক, সিএফএ, এফআরএম, নির্বাহী পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ ছাড়া ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র পক্ষে ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার ও চিফ রেগুলেটরি অফিসার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ শফিকুল ইসলাম ভূঁইয়া উপস্থিত ছিলেন।

পুঁজিবাজারের উন্নয়ন ও আধুনিকায়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বৈঠকে আলোচনা। এ সময় পুঁজিবাজারের স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা নিশ্চিতকরণ এবং সবধরনের অনিয়ম-কারসাজি রোধের ওপর গুরুত্বারোপ করা হয়। বাজার কারসাজি বন্ধে সাম্প্রতিক ডিএসই'র গৃহীত ব্যবস্থা ও পদক্ষেপ সম্পর্কে তুলে ধরা হয়।

অপরদিকে স্বচ্ছ, জবাবদিহিতামূলক ও কার্যকর পুঁজিবাজার গড়তে বিএসইসি বদ্ধ পরিকর মর্মে কমিশনের পক্ষ থেকে জানানো হয়। সবধরনের বাজার কারসাজি রোধে আন্তর্জাতিক সর্বোত্তম অনুশীলন (International Best Practices) অনুসরণ করে স্টক এক্সচেঞ্জের রিয়েল টাইম সার্ভেইল্যান্স ও প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের ওপর বিশেষভাবে জোর দেওয়া হয়। একই সঙ্গে দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষায় পুঁজিবাজারের সার্ভেইল্যান্স সিস্টেমের উন্নয়ন ও আধুনিকায়ন বিষয়ে বৈঠকে আলোচনা হয়।



ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) পিএলসি'র সার্ভেইল্যান্স টিমের সঙ্গে বিএসইসির বৈঠক।

২.১৩ মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার প্রতিষ্ঠানের কর্মীদের ৪ দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিদ্যমান আইন-কানুন ও বিধি-বিধান সম্পর্কে ধারণা দেওয়ার লক্ষ্যে পুঁজিবাজারে কর্মরত বিভিন্ন ‘মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার’ প্রতিষ্ঠানগুলোর কর্মীদের নিয়ে চার দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

২০২৬ সালের ২১, ২৩, ২৫ ও ২৮ জুন সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে প্রশিক্ষণটি আয়োজন করা হয়। বিএসইসির উদ্যোগে আয়োজিত কর্মশালায় চারটি ব্যাচে মোট ২০৮ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রশিক্ষণে Securities and Exchange Ordinance, 1969, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬, Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025 এবং Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021 সহ অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়।

উল্লিখিত তারিখে প্রতিদিন সকাল সাড়ে ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত প্রশিক্ষণটি পরিচালিত হয়। প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিদ্যমান আইন-কানুন সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা দেওয়াই এ প্রশিক্ষণের লক্ষ্য। কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন নিয়মিতভাবে এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করে থাকে।



কমিশনের বিদ্যমান আইন-কানুন ও বিধি-বিধান সম্পর্কে পুঁজিবাজারে কর্মরত বিভিন্ন ‘মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার’ প্রতিষ্ঠানের কর্মীদের প্রশিক্ষণ

দ্বিতীয় অংশ

০৩. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

সিএমআরআরসি বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

১. পুঁজিবাজার সংক্রান্ত আইনের খসড়া প্রস্তুতপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
২. পুঁজিবাজার সংক্রান্ত বিধি প্রণয়ন;
৩. পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পর্যায়ক্রমে আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন জারি;
৪. বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপিত পুঁজিবাজার সম্পর্কিত প্রশ্নের খসড়া জবাব প্রস্তুত;
৫. সংসদীয় স্থায়ী কমিটিতে অনুষ্ঠিত পুঁজিবাজার সম্পর্কিত সভার কার্যপত্র প্রস্তুত এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ; এবং
৬. বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর হতে প্রেরিত খসড়া আইন সম্পর্কে মতামত প্রদান।

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছে:

ক্রম	বিষয়	শ্রেণী বিভাগ	সূত্র
১	Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, ২০২১ এর সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপন।	প্রজ্ঞাপন	৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০৩৭৩.২০.৯৯.২৭২.১৬১ তারিখ: ০৭ এপ্রিল ২০২৬, যা ০৫ মে ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
২	Closed-end Mutual Fund/scheme -কে Open-end Mutual Fund/scheme-এ রূপান্তর সংক্রান্ত আদেশ।	প্রজ্ঞাপন	৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৫৭.০৬.১০০.২৭২.১৬২ তারিখ: ০৭ মে ২০২৬, যা ২৪ মে ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৩	Primary Regulator কর্তৃক তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদ পুনর্গঠন কালীন মূলধন উত্তোলনের বাধা নিষেধ সংক্রান্ত প্রজ্ঞাপনের সংশোধন।	প্রজ্ঞাপন	৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৯৩.০৯.১০১.২৭২.১৬৩ তারিখ: ১৩ মে ২০২৬, যা ২৪ মে ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৪	স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত 'এ' শ্রেণিভুক্ত ব্যাংক কর্তৃক লভ্যাংশ হিসাব তার নিজস্ব ব্যাংকেই সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা।	প্রজ্ঞাপন	৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৯৩.০৯.১০২ তারিখ: ১৩ মে ২০২৬।
৫	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন [পুঁজিবাজার সংশ্লিষ্ট তথ্য প্রকাশ ও তথ্য-প্রকাশকারীর (Whistleblower) সুরক্ষা প্রদান] বিধিমালা, ২০২৬ সংক্রান্ত প্রজ্ঞাপন।	প্রজ্ঞাপন	৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০৪৩৬.২৪.১০৩.২৭২.১৬৪ তারিখ: ১৮ মে ২০২৬, যা ২৪ মে ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৬	স্টক এক্সচেঞ্জসমূহের SME প্ল্যাটফর্মে Qualified Investors Offer (QIO)-এ প্রাইমারি সাবস্ক্রিপশন এবং সেকেন্ডারি লেনদেনের ক্ষেত্রে যোগ্য বিনিয়োগকারীর (Qualified Investors-QI) পোর্টফোলিও সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা।	নির্দেশনা	৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৯৩.০৯.১০৪ তারিখ: ১৯ মে ২০২৬।

০৪. কর্পোরেট ফিন্যান্স

দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। কমিশনের কর্পোরেট ফিন্যান্স ডিভিশন ইস্যুয়ার কর্তৃক পাবলিক অফার এবং প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইকুইটি এবং ডেট সিকিউরিটিজ ইস্যুর সম্মতি প্রদান সংক্রান্ত কর্মকান্ড সম্পাদন করে। এরূপ কাজ কোম্পানি ও প্রতিষ্ঠান সমূহের দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টি করে। এ বিভাগ তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু ও প্রাইভেট অফারের মধ্যে শেয়ার ইস্যু এবং স্বল্প মূলধনী কোম্পানিসমূহের কোয়ালিফাইড ইনভেস্টর অফারের মাধ্যমে শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ ডিভিশন করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা, ২০০১;
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪;
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (রাইটস ইস্যু) বিধিমালা, ২০০৬;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) বিধিমালা, ২০২১;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) বিধিমালা, ২০২২;
- নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৬/এডমিন/১৩৮, তারিখ: অক্টোবর ০৩, ২০২২; এবং
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০২৫।

ডেট সিকিউরিটিজ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) বিধিমালা, ২০২১ এর অধীনে কমিশন ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে ০১ (এক)টি কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে ১,২০০ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	পরিমাণ (কোটি টাকা)		
		পাবলিক অফার (কোটি টাকা)	প্রাইভেট অফার (কোটি টাকা)	মোট অফার (কোটি টাকা)
সাব অর্ডিনেটেড বন্ড	০১	-	১,২০০.০০	১,২০০.০০

ইস্যু অব ক্যাপিটাল

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা, ২০০১ এর অধীনে কমিশন ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে ০৭ (সাত)টি কোম্পানিকে ২,১২৫.২৫ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো নিম্নরূপ:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	পরিমাণ (কোটি টাকা)
বোনাস শেয়ার	০৫	৩১৩.৩১
প্রিফারেন্স শেয়ার	০২	১,৮১১.৯৪
মোট	০৭	২,১২৫.২৫

০৫. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান, বাজার সৃষ্টিকারীর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে। এছাড়া, স্টক ব্রোকারের ডিজিটাল বুথ এবং স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের শাখা খোলার অনুমোদন প্রদান করে। ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে নিবন্ধন বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

ক্রমিক নং	ইস্যুকৃত সনদের ধরণ	সংশ্লিষ্ট আইনের নাম	ইস্যুকৃত সনদের সংখ্যা	নবায়নকৃত সনদের সংখ্যা	স্টক ব্রোকার এর শাখা অফিস খোলার অনুমোদন	স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের অফিস স্থানান্তর/নাম পরিবর্তন	মন্তব্য
০১	স্টক ডিলার (ডিএসই)	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০	-	৭৫	-	১টি স্টক ডিলার এর সনদের নাম পরিবর্তন	১টি স্টক ডিলার সনদের নাম পরিবর্তন
	স্টক ব্রোকার (ডিএসই)	-এই-	-	৭৮	-	১টি স্টক ব্রোকার এর সনদের নাম পরিবর্তন	১টি স্টক ব্রোকার সনদের নাম পরিবর্তন
০২	স্টক ডিলার (সিএসই)	-এই-	-	৫৯	-		
	স্টক ব্রোকার (সিএসই)	-এই-	-	৬৮	-		
০৩	অনুমোদিত প্রতিনিধি (ডিএসই)	-এই-		১৮৮	-		
০৪	অনুমোদিত প্রতিনিধি (সিএসই)	-এই-		২৫	-		
০৫	ডিপজিটরি অংশগ্রহণকারী	ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩		১১৪	-		
০৬	ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি	Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021	০১		-		
০৭	ডিজিটাল বুথের অনুমোদন	ডিরেকটিভ এর তারিখ ১৩ ডিসেম্বর ২০২০				৩টি ডিজিটাল বুথের স্থানান্তর	

০৬. সার্ভেইল্যান্স

সার্ভেইল্যান্স কার্যক্রম

পুঁজিবাজারের স্বাভাবিক গতি ও প্রকৃতি প্রভাবিত করতে পারে এমন কোনো অনিয়ম, অসামঞ্জস্যপূর্ণ কার্যকলাপ বা অস্বাভাবিক ট্রেডিং প্যাটার্ন শনাক্ত করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্রমাগত সিকিউরিটিজ মার্কেট পর্যবেক্ষণ করে। তন্মধ্যে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম, অর্ডার প্রবাহ এবং মূল্য সংবেদনশীল তথ্য সমূহ অন্যতম। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করা ছাড়াও অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে থাকে। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট সিকিউরিটিজ আইনের সম্ভাব্য লঙ্ঘন, বাজার কারসাজি, ইনসাইডার ট্রেডিং এবং অন্যান্য প্রতারণামূলক কার্যকলাপ যা পুঁজিবাজারের স্বচ্ছতা ক্ষুণ্ণ করতে পারে তা পর্যবেক্ষণ করে এবং পুঁজিবাজারের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা ও স্বার্থ সংরক্ষণের জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করে। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট এর উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

১.০ পুঁজিবাজার পর্যবেক্ষণ ও তদারকি

দৈনন্দিন বাজার তদারকির অংশ হিসাবে পুঁজিবাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ অনুসন্ধান “ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম” এর মাধ্যমে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ ইত্যাদি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় বিশ্লেষণ করা।

২.০ তথ্যের বুদ্ধিদীপ্ত কার্যক্রম

বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা নিরীক্ষার জন্য “ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট” সিস্টেমের ‘বিজনেস ইন্টেলিজেন্স’, স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বিচক্ষণ ব্যবহার নিশ্চিত করা।

৩.০ তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম

সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন প্রাথমিকভাবে নির্বাচনের পর তা বিশদভাবে চিহ্নিতকরণে প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করে। অতপর, কমিশনের অনুমোদন সাপেক্ষে সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট হতে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে তদন্ত ও অনুসন্ধান প্রস্তাব প্রেরণ করা অথবা স্টক এক্সচেঞ্জ এর মাধ্যমে তদন্ত অথবা অনুসন্ধান করে জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট এ প্রেরণ করা। ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে কমিশনের অন্যান্য বিভাগ, ডিএসই, সিএসই ও অন্যান্য বিভাগ/সংস্থা বরাবর নিম্নোক্ত তালিকাভুক্ত কোম্পানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন লঙ্ঘন সংক্রান্ত তদন্ত কার্যক্রম সম্পাদনের জন্য জারিকৃত আদেশসমূহ নিম্নরূপ:

ক্রম	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	তদন্তকারী	পত্র/আদেশ জারির তারিখ
১.	Daffodil Computers PLC (DAFODILCOM) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	০২ এপ্রিল ২০২৬
২.	০৪ NBFIs (FASFI, PREMIERLEA, FAREASTFIN, PLFSL, ILFSL, PRIMEFIN, GSPFINANCE, and BIFC) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	০২ এপ্রিল ২০২৬
৩.	Prime Textile Spinning Mills Ltd. -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	০৭ এপ্রিল ২০২৬
৪.	Bangladesh Autocars Limited (BDAUTOCA) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৩ এপ্রিল ২০২৬
৫.	National Tea Company Limited (NTC) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৩ এপ্রিল ২০২৬

ক্রমিক	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	তদন্তকারী	পত্র/আদেশ জারির তারিখ
৬.	ACME Pesticides Limited (ACMEPL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	২০ এপ্রিল ২০২৬
৭.	Hamid Fabrics Limited (HFL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	২৩ এপ্রিল ২০২৬
৮.	Apex Spinning & Knitting Mills Limited (APEXSPINN) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	২৭ এপ্রিল ২০২৬
৯.	Rangpur Dairy & Food Products Ltd. (RDFOOD) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	০৩ জুন ২০২৬
১০.	Meghna Condensed Milk Industries Ltd. (MEGCONMILK) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১০ জুন ২০২৬
১১.	Sonargaon Textiles Ltd. (SONARGAON) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৫ জুন ২০২৬
১২.	Nahee Aluminium Composite Panel PLC.(NAHEEACP) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৫ জুন ২০২৬
১৩.	Bangladesh National Insurance Company Limited (BNICL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৫ জুন ২০২৬
১৪.	Shyampur Sugar Mills Ltd. (SHYAMPSUG) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৫ জুন ২০২৬
১৫.	Al-Madina Pharmaceuticals Limited (AMPL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৫ জুন ২০২৬
১৬.	Regent Textile Mills Ltd. (REGENTTEX) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৭ জুন ২০২৬
১৭.	IPDC Finance PLC (IPDC). -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম ও সন্দেহজনক কার্যক্রম তদন্ত সংক্রান্ত।	ডিএসই	১৮ জুন ২০২৬

৪.০ তদন্ত অথবা অনুসন্ধান প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ

কমিশনের অন্যান্য বিভাগ, ডিএসই, সিএসই ও অন্যান্য বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত নিম্নবর্ণিত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনসমূহ পর্যালোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে:

ক্রমিক	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	দাখিলকারী	প্রাপ্ত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনের কার্যক্রমের বর্তমান অবস্থা
০১	Fine Foods Limited (FINEFOODS) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয়েছে।
০২	Alif Industries Limited (AIL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৩	Web Coats PLC. (WEBCOATS) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ

ক্রমিক	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	দাখিলকারী	প্রাপ্ত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনের কার্যক্রমের বর্তমান অবস্থা
০৪	BD Thai Food & Beverage Limited (BDTHAIFOOD) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৫	Mostafa Metal Industries Limited (MOSTFAMETL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৬	MK Footwear PLC (MKFOOTWEAR) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৭	Dominage Steel Building Szstems Limited (DOMINAGE) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৮	City Insurance PLC. (CITYGENINS) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
০৯	Asiatic Laboratories Limited (ASIATICLAB) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
১০	Sharp Industries PLC (SHARPIND) (পূর্বনাম: R.N. Spinning Mills Ltd.) -এর গুরুত্বপূর্ণ বিষয়াদি (Material Affairs) সম্পর্কিত অনুসন্ধান প্রতিবেদন।	ডিএসই	ঐ
১১	Bangladesh Autocars Limited (BDAUTOCA) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন/বিধি ভঙ্গের কোন ঘটনা না থাকায় বিষয়টি অনুমোদন সাপেক্ষে নিষ্পত্তি করা হয়েছে।
১২	National Tea Company Limited (NTC) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয়েছে।
১৩	ACME Pesticides Limited (ACMEPL) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
১৪	Daffodil Computers PLC (DAFODILCOM) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
১৫	Hami Industries Ltd. (HAMI) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
১৬	Khan Brothers Pp Woven Bag Industries Limited (KBPPWBIL) -এর শেয়ারের ব্লক মার্কেটে লেনদেন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
১৭	Meghna Condensed Milk Industries Ltd. (MEGCONMILK) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ
১৮	Meghna Pet Industries Ltd. (MEGHNA PET) -এর শেয়ার লেনদেনে সম্ভাব্য অনিয়ম সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।	ডিএসই	ঐ

৫.০ অন্যান্য কার্যক্রম

- Vertex Stock and Securities Limited-এর অনিয়ম ও বিধি পরিপালনে ব্যর্থতার বিষয়ে পরিদর্শন কমিটির নিকট সার্ভেইলেন্স বিভাগের তথ্য প্রদান।
- Emerald Oil Industries Limited- সংক্রান্ত বিষয়ে গঠিত অভ্যন্তরীণ তদন্ত কমিটির নিকট তথ্য ও দলিলাদি প্রেরণ।
- খসড়া সাংগঠনিক কাঠামো অনুমোদনের নিমিত্তে ডিভিশনের ডেস্কভিত্তিক কাজের বিস্তারিত বিবরণ প্রশাসন বিভাগে প্রেরণ।
- Bangladesh Export Import Co. Limited Ges Islami Bank Bangladesh PLC. -এর শেয়ারের ফ্লোর প্রাইস প্রত্যাহার সংক্রান্ত।
- দৈনন্দিন সিস্টেম হতে প্রাপ্ত এলার্টসমূহ, ট্রেড রিপোর্ট ও শেয়ার ক্রয়-বিক্রয় আদেশ পরিক্ষা-নিরীক্ষা করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- বিভিন্ন বিভাগ অথবা অনুসন্ধানকারী কমিটির চাহিদা মোতাবেক তথ্য প্রেরণ।

০৭. সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নে সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ (এসএমএমআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ সংক্রান্ত কাজ করে। ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে এ বিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি

এসএমএমআই বিভাগ পুঁজিবাজারে বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে। ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহার করে সহজেই যে কোন স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল এবং অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে অবহিত। সিসিএএম-এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে	অভিযোগ প্রাপ্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	প্রক্রিয়াধীন
স্টক ব্রোকার / স্টক ডিলার	২২	৫	১৭
মার্চেন্ট ব্যাংক	৭	২	৫
সম্পদ ব্যবস্থাপক কোম্পানি	২	-	২
সিকিউরিটিজ কাস্টডিয়ান	০	০	০
সিডিবিএল	৯	৪	৫
মোট	৪০	১১	২৯

সিসিএএম এর মাধ্যমে অভিযোগ দাখিল করার পাশাপাশি বিনিয়োগকারীগণ কমিশনে লিখিতভাবে অভিযোগ দাখিল করেছেন যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হলঃ

যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে	পূর্বের অনিষ্পত্তিকৃত অভিযোগ	বর্ণিত সময়কালে অভিযোগ প্রাপ্তি	মোট অভিযোগ	ডিএসই ও সিএসই তে প্রেরণ	নিষ্পত্তিকৃত অভিযোগ	সিসিএএম-এ আপলোডকৃত	প্রক্রিয়াধীন
স্টক ব্রোকার / স্টক ডিলার	-	৯	৯	৫	৩	-	১
মোট	-	৯	৯	৫	৩	-	১

খ. বিভিন্ন সরকারী সংস্থার সাথে তথ্য আদান প্রদান

০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী তদন্ত সংক্রান্ত বিষয়ে অন্যান্য সংস্থা থেকে প্রাপ্ত পত্র সমূহ মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন (এমআইআই) Control Point হিসেবে কাজ করে থাকে।

গ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত পদক্ষেপ

কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানিসমূহের উপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। গৃহীত পরিদর্শন প্রতিবেদনের উপর ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে এসএমএমআই বিভাগ কর্তৃক সম্পাদিত পদক্ষেপসমূহ নিম্নরূপ:



পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান	পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা	বর্গিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা	মোট প্রতিবেদনের সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	এসএমএমআই বিভাগ কর্তৃক সতর্ক পত্র প্রেরণ	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন
ডিএসই	-	২৫	২৫	১৩	-	১১	১
সিএসই	-	৮	৮	৪	-	৪	০
মোট	-	৩৩	৩৩	১৭	-	১৫	১

ঘ. ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষাঃ

এসএমএমআই বিভাগ, স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পাদিত হয়েছে:

কাজের বিবরণ	সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সংখ্যা	
	সিএসই	ডিএসই
স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা	২০	১৬৫
স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সাথে সভা করা	-	১৫

ঙ. মার্চেন্ট ব্যাংকার্স এর ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রমঃ

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে এ বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্স এর ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

দরখাস্তের বিষয়	পূর্বের অনিষ্পত্তিকৃত দরখাস্তের সংখ্যা	বর্গিত সময়কালে প্রাপ্ত দরখাস্তের সংখ্যা	মোট দরখাস্তের সংখ্যা	কমিশনের অনুমোদন	কমিশনের প্রত্যাখান	প্রক্রিয়াধীন
ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ	২	৭	৯	৯	-	-
শূন্য পদে ব্যবস্থাপনা পরিচালক/ সিইও নিয়োগের সময়সীমা বর্ধিতকরণ	১	-	১	-	১	-
মোট	৩	৭	১০	৯	১	-

০৮. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক অর্থদণ্ড আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও গুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নরূপ:

ক্রম	বিবরণ	অর্থদণ্ড	সর্তকীকরণ	নিষ্পত্তিকরণ	মোট
১	ইস্যুয়ার কোম্পানী/পরিচালক	০২	০১	০	০৩
২	স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি	০	০৩	০	০৩
৩	অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি	০১	০	০	০১
৪	অন্যান্য	০১	০২	০২	০৫
	সর্বমোট	০৪	০৬	০২	১২

০৯. আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ/ওয়েবিনার/সভা/সিম্পোজিয়ামে অংশগ্রহণের নিমিত্তে যাবতীয় কার্যাবলি সম্পাদন করে থাকে। ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের যাবতীয় কার্যক্রম নিম্নরূপ:

ক্রম	কার্যক্রম	বিবরণ
১	পুঁজিবাজার সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার ভারুয়াল ও আয়োজকের অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণের আয়োজন ও অংশগ্রহণ	নিম্নোক্ত প্রশিক্ষণ/ওয়েবিনার/সেমিনার/কনফারেন্সসমূহে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়: ১. 'Financial Inclusion in Capital Markets: Regulatory Design and Implementation Considerations' শীর্ষক ওয়েবিনার; ২. পুঁজিবাজারের নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের কর্মকর্তাদের জন্য হার্ভার্ড ল' স্কুলে আন্তর্জাতিক অর্থব্যবস্থা সম্পর্কিত IOSCO/PIFS-HLS এর দ্বিতীয় ধাপের বৈশ্বিক সনদ প্রদান প্রোগ্রাম; ৩. AI frontier models এবং সেগুলো কিভাবে সাইবার সিকিউরিটির ঝুঁকির পরিবর্তন সাধন করছে-সে বিষয়ে Asia-Pacific Regional Committee, IOSCO কর্তৃক আয়োজিত রাউন্ড টেবিল প্রোগ্রাম; ৪. পুঁজিবাজারের নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের কর্মকর্তাদের জন্য আয়োজিত 20th Monetary Authority of Singapore- Toronto Centre Regional Leadership Programme (RLP); ৫. US SEC কর্তৃক বিনিয়োগ সম্পর্কিত প্রতারণা মোকাবেলা বিষয়ক ভারুয়াল প্রোগ্রাম; ৬. Asia-Pacific Regional Committee, IOSCO কর্তৃক আয়োজিত পুঁজিবাজারের সম্পর্কিত Supervisory Technology (SupTech) এবং প্রতারণা শনাক্তকরণ বিষয়ক ওয়েবিনার; ৭. 'Voluntary carbon markets: market structure, integrity and regulatory supervision' শীর্ষক ওয়েবিনার; এবং ৮. IOSCO-Wharton Online FinTech কোর্স।
২	আন্তর্জাতিক সংস্থা হতে প্রাপ্ত Query ও Survey এর প্রাসঙ্গিকতা যাচাইপূর্বক তাতে অংশগ্রহণ করা	১. IOSCO Supervisory MMOU বাস্তবায়ন সম্পর্কিত Survey; এবং ২. Leverage funds data collection-২০২৬ Survey.
৩	বিশ্বের বিভিন্ন দেশ ও সংস্থার সাথে কৌশলগত সম্পর্ক বজায় রাখা	১. ২০২৬-২০২৮ সময়কালের জন্য IOSCO Asia-Pacific Regional Committee (APRC) এর বোর্ড প্রতিনিধি নির্বাচিত হওয়ায় Monetary Authority of Singapore এর বরাবরে অভিনন্দন পত্র প্রেরণ করা হয়েছে; ২. কমিশনে নতুন চেয়ারম্যান নিয়োগের বিষয়ে IOSCO ordinary members, IOSCO MMoU Monitoring Group, IOSCO Growth and Emerging Markets Committee (GEMC), IOSCO Asia-Pacific Regional Committee (APRC); and Sustainable Banking and Finance Network (SBFN) ইত্যাদি প্ল্যাটফর্মসমূহকে অবহিত করা হয়েছে; এবং ৩. Asian Development Bank (ADB) এর Asia SME Monitor (ASM) 2026 Edition এর জন্য হালনাগাদ তথ্য প্রেরণ করা হয়েছে।

১০. কর্পোরেট রিপোর্টিং

কমিশনের নতুন অর্গানোগ্রাম অনুযায়ী, চিফ অ্যাকাউন্টেন্ট ডিভিশনের অধীনে দুটি বিভাগ রয়েছে যথা:

ক) অ্যাকাউন্টিং এবং অডিটিং পলিসি বিভাগ

খ) কর্পোরেট রিপোর্টিং বিভাগ।

কর্পোরেট রিপোর্টিং বিভাগের প্রধান কাজগুলি নিম্নরূপ: -

১. তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক বার্ষিক এবং অন্তর্বর্তী আর্থিক বিবরণী যথাসময়ে দাখিলের তদারকি;
২. তালিকাভুক্ত কোম্পানিসমূহের অন্তর্বর্তী আর্থিক বিবরণী পর্যালোচনা;
৩. তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;
৪. আইপিও/কিউআইও/আরপিও/রাইট ইস্যুর মাধ্যমে উত্তোলিত মূলধনের ব্যবহার প্রতিবেদন তদারকি;
৫. ইন্সপেকশন/ ইনকোয়ারি/ ইনভেস্টিগেশন এর প্রস্তাব উত্থাপন; এবং
৬. কমিশন কর্তৃক নির্ধারিত যে কোন কাজ সম্পাদন।

২০২৬ সালের এপ্রিল-জুন সময়ে কর্পোরেট রিপোর্টিং ডিপার্টমেন্টের সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

রেগুলেটরি সাবমিশন

সূচকসমূহ	জমাকৃত প্রতিবেদনের সংখ্যা
কোম্পানির নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী জমা	৮৯*
প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী জমা	১০৩*
দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী জমা	০৪*
তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী জমা	১৮১*
আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ জমা	১০

রেগুলেটরি কার্যক্রম

সূচকসমূহ	কার্যক্রমের সংখ্যা
নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী	
আরও তথ্য বা ব্যাখ্যা চাওয়া হয়েছে	০৪
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	১৭
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০৭
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
স্বতন্ত্র বহি: নিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/ এডভার্স অপিনিয়ন/ ডিসক্লেইমারের সংখ্যা	১৯*
প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	১৩
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০৩
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০

সূচকসমূহ	কার্যক্রমের সংখ্যা
দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০০
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০১
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০১
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ:	
তহবিল ব্যবহারের প্রতিবেদনসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০১
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণঃ	
সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	২৫

* তথ্যগুলি ডিএসইর ফিন্যান্সিয়াল স্ট্যাটমেন্টস সাবমিশন স্ট্যাটাস পোর্টাল

(<https://www.dsebd.org/financial-statement-submission-status-extended.php>) থেকে সংগ্রহ করা হয়েছে।

[সময়কালঃ ০১ এপ্রিল ২০২৬ - ৩০ জুন ২০২৬]

১১. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

কমিশনের আইসিটি অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ, ই-সার্ভিস প্রবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ ও ডিজিটাইজড পুঁজিবাজার মনিটরিং সিস্টেম বিনির্মাণ করাই এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

কমিশনের এমআইএস বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

- দাপ্তরিক কাজের জন্য সরকারের ডি-নথি সিস্টেম ব্যবহারে টেকনিক্যাল সহায়তা প্রদান করা;
- দাপ্তরিক কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপন ও মেইনটেন্যান্স সেবা প্রদান করা;
- অনলাইন সভাসহ বিভিন্ন সভা/সেমিনার/প্রেজেন্টেশনের জন্য টেকনিক্যাল সহায়তা প্রদান করা;
- ২০০ এমবিপিএস গতির নিরবচ্ছিন্ন ইন্টারনেট (১০০ এমবিপিএস রিডানডেন্ট সংযোগ ব্যবস্থাসহ) সেবা নিশ্চিত করা;
- কমিশনের ডিজিটাল তথ্যাবলি সংরক্ষণ ও ব্যাক-আপ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- তথ্য প্রযুক্তি (IT) সংক্রান্ত ক্রয়ের Technical Specification প্রস্তুত করা;
- কমিশনের তথ্যের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
- কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের Information Security Awareness এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- কমিশনের টেন্ডার প্রক্রিয়া e-GP পোর্টাল এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
- কমিশনের বিভিন্ন বিভাগের চাহিদা মোতাবেক সিস্টেম ডেভেলপমেন্ট / মডিফিকেশন / আপগ্রেডেশন / মেইনটেন্যান্সের কাজ করা;
- কমিশনের ওয়েবসাইটটি (ডোমেইন- www.sec.gov.bd) সর্বদা চালু রাখা, তথ্য হালনাগাদ করা এবং সাইবার নিরাপত্তা নিশ্চিত করা ইত্যাদি।

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে সম্পাদিত/চলমান কার্যক্রমসমূহ:

১. IT Support Ticket Management System (ITMS)-এর মাধ্যমে ৭০টি (Ticket Status - Closed/In Review) আইটি সহায়তার অনুরোধ নিষ্পত্তি করা হয়েছে। ITMS টিকেট ব্যতীত কর্মকর্তাদের ফোন/ইমেইল/মৌখিক দাপ্তরিক নির্দেশনা প্রেক্ষিতে ৩৯৬টি আইটি সহায়তার অনুরোধ যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে।
২. তথ্য-নির্ভর ও সেবা-প্রাপ্তি সহজকরনের লক্ষ্যে আধুনিক প্রযুক্তির সহায়তায় কমিশনের ওয়েবসাইটটি নতুনভাবে তৈরি করা হচ্ছে। শীঘ্রই ওয়েবসাইটটি সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে।
৩. কমিশনের ওয়েবসাইটে নিম্নলিখিত তথ্যগুলো আপলোড করা হয়েছে:

- | | |
|--|--------------|
| • আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি | : ০৪টি; |
| • Securities Laws, Rules, Regulations | : ৫টি; |
| • এনফোর্সমেন্ট অ্যাকশন | : ২১টি; |
| • Comments request on draft rules /Amendment | : ০৩টি; |
| • BSEC Office Order/Circular | : ০২টি; |
| • প্রেস বিজ্ঞপ্তি | : ১৭টি; |
| • দরপত্র বিজ্ঞপ্তি | : ০২টি; |
| • Annual Report | : ০১টি; |
| • সেবা প্রদান প্রতিশ্রুতি | : ০১টি; |
| • NOC | : ০২টি; এবং, |
| • অন্যান্য প্রাপ্ত তালিকা | |

১২. লিগ্যাল সার্ভিস

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর মামলা সংক্রান্ত তথ্যাদি:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে বিভিন্ন আদালতে ১৭টি মামলা দায়ের করা হয়। তন্মধ্যে ৩১টি মামলা নিষ্পত্তি হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে-বিপক্ষে দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলাসমূহের বর্ণনা নিম্নরূপ:

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে কমিশনের কর্তৃক ও কমিশনের বিপক্ষে দায়েরকৃত মামলা:

বিএসইসি কর্তৃক/ বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা	মামলা সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা	১৭	সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ করে এবং অন্যান্য কারণে বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগে ১৭টি রিট মোকাদ্দমা দায়ের করা হয়।

২০২৬ সালের এপ্রিল-জুন সময়ে নিষ্পত্তিকৃত মামলাঃ

নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
৩১	বর্ণিত সময়কালে ৩১টি মামলা কমিশনের পক্ষে/বিপক্ষে নিষ্পত্তি হয়।

১৩. ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন

মিউচুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন ডিপার্টমেন্ট

মিউচুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন ডিপার্টমেন্ট প্রধানত মিউচুয়াল ফান্ড, ও এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড নিবন্ধন, অবসায়ন, রূপান্তর, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে থাকে।

ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে উক্ত ডিপার্টমেন্ট কোন মিউচুয়াল ফান্ডের ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করেনি।

ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে উক্ত ডিপার্টমেন্ট কোন মিউচুয়াল ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেনি।

ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে উক্ত ডিপার্টমেন্ট কোন মিউচুয়াল ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেনি।

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট প্রধানত অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিবন্ধন, অবসায়ন, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে থাকে।

ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে উক্ত ডিপার্টমেন্ট কোন ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করেনি।

ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলী

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে উক্ত ডিপার্টমেন্ট কোন ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেনি।

ফান্ডের তদারকি সংক্রান্ত কার্যাবলী

ফান্ড ম্যানেজার কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

উক্ত ডিভিশন, ফান্ড ম্যানেজার কর্তৃক দাখিলকৃত অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পাদিত হয়েছে:

কাজের বিবরণ	সংখ্যা
ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর পর্যবেক্ষণ উপস্থাপন	০১
ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষাপূর্বক এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	-

১৪. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্স আয়োজন করে থাকে, যা বিনিয়োগকারীদের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়াও এই ডিভিশন বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, পুঁজিবাজারের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত ব্যক্তিদের প্রশিক্ষণ এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন এবং উক্ত বিভাগের তত্ত্বাবধানে ডিএসই ও সিএসসি কর্তৃক পরিচালিত ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে কার্যাবলী নিম্নরূপ:

ক্রম	বিবরণ	অংশগ্রহণকারী (জন)
০১।	বিনিয়োগকারীদের প্রশিক্ষণ	৩৭৬
০২।	ডিএসই'র ট্রেড হোল্ডরদের অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ	৪৩
০৩।	এসএমই উদ্যোক্তাদের জন্য পাবলিক অফারিং দ্বারা মূলধন বৃদ্ধি বিষয়ে প্রশিক্ষণ	৩৫
০৪।	মহিলা বিনিয়োগকারীদের জন্য আর্থিক বিনিয়োগ শিক্ষার উপর কর্মশালা	২৬
০৫।	বাজার মধ্যস্থতাকারীদের প্রশিক্ষণ (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার)	২০৮
	সর্বমোট	৬৮৮

১৫. ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস

২০২৬ সালের এপ্রিল-জুন সময়ে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ডিপার্টমেন্টের সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি নিম্নরূপ:

দেশের পুঁজিবাজারে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস চালুকরণের লক্ষ্যে ডিএসই (ঢাকা স্টক এক্সচেঞ্জ) কর্তৃক একটি ফিজিবিলিটি স্টাডি কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ফিজিবিলিটি স্টাডি তরান্বিত করা এবং ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস চালুকরণ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোচনার লক্ষ্যে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ডিপার্টমেন্ট ডিএসই-এর সংশ্লিষ্ট প্রতিনিধিদের সাথে একটি সভা আয়োজন করে। এই সভায় ফিজিবিলিটি স্টাডি সংক্রান্ত কার্যক্রম আরও গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

১৬. কমোডিটি প্রোডাক্ট

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে কমোডিটি প্রোডাক্ট ডিপার্টমেন্টের সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি নিম্নরূপ:

সিএসই-তে কমোডিটি ডেরিভেটিভস দ্রুত চালুকরণের লক্ষ্যে একটি সমন্বিত অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে। এই অ্যাকশন প্ল্যানের মাধ্যমে কমোডিটি ডেরিভেটিভস ট্রেডিং কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে একটি সুস্পষ্ট ও সময়াবদ্ধ কর্মধারা অনুসরণ করা হবে।

১৭. জনসংযোগ বিভাগ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের জনসংযোগ বিভাগ কমিশনের জনসংযোগ বিষয়ে প্রয়োজনীয় কার্যাবলি সম্পন্ন করে। জনসংযোগ বিভাগ কমিশনের কার্যক্রম সম্পর্কে গণমাধ্যম ও সংশ্লিষ্ট অংশীজনদের অবহিতকরণ, গণমাধ্যমের সাথে সমন্বয় রক্ষা, কমিশনের বিভিন্ন প্রচার ও যোগাযোগমূলক কার্যক্রম এবং কমিশনের ভাবমূর্তি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে জনসংযোগ বিভাগের বার্ষিক কার্যক্রম নিম্নরূপ:

০১. “বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫” এর পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে পুঁজিবাজারে কর্মরত সাংবাদিকদের ‘প্রিন্ট মিডিয়া’, ‘ইলেক্ট্রনিক মিডিয়া’ ও ‘অনলাইন মিডিয়া’-এই তিনটি ক্যাটাগরিতে পুরস্কার দেওয়া হয়। প্রতিটি ক্যাটাগরিতে একজন মূল বিজয়ীর পাশাপাশি দুইজনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়।
০২. জনসংযোগ বিভাগের সহযোগিতায় কমিশন কর্তৃক মোট ১৯ (উনিশ) টি প্রেস বিজ্ঞপ্তি ইস্যু হয়েছে। ইস্যুকৃত প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.www.এসইসিবিডি.বাংলা) প্রকাশিত হয়েছে।

১৮. মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন

কমিশনে এক্সচেঞ্জ অ্যাফেয়ার্স সেকশন ও ইস্যুয়ার কোম্পানি অ্যান্ড আদার ইন্টারমেডিয়েরিজ অ্যাফেয়ার্স সেকশন নামে দুইটি সেকশন নিয়ে মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট গঠিত। কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট কর্তৃক ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে সম্পাদিত কার্যাবলী নিম্নরূপ:

১. মার্কেট ম্যানিপুলেশন, গুজব ও নাশকতা সংক্রান্ত অনলাইন ও অফলাইন গোয়েন্দা তথ্য সংগ্রহ করার কাজ চলমান রয়েছে।
২. সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচালিত বিভিন্ন প্রতারণামূলক কর্মকাণ্ডের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১টি বিষয়ে অনুসন্ধানে প্রাপ্ত তথ্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয়েছে।

এছাড়াও উল্লিখিত সময়কালে কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট নিম্নে উল্লিখিত কার্যক্রম সম্পাদন করেছে:

ক্রম	কার্যাবলী
০১	Prosperia Securities Group Ltd. সহ অন্যান্য অনলাইন প্ল্যাটফর্মে প্রতারণামূলক কর্মকাণ্ডের বিষয়ে সতর্কীকরণের জন্য ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টকে তথ্য সরবরাহ করা;
০২	কমিশনের ওয়েবসাইটে সতর্কীকরণ বার্তার জন্য “Investor Alert/Warnig” নামক পৃথক সাব-মেনু তৈরি করা;
০৩	রানার অটোমোবাইলস লি. ও লিগ্যাসি ফুটওয়্যার লি. শেয়ারের সন্দেহজনক লেনদেনের বিষয়ে তথ্য সংগ্রহ করা;
০৪	পুঁজিবাজারে কারসাজির সাথে জড়িত ও সন্দেহজনক ব্যক্তিদের বিষয়ে তথ্য সংগ্রহ করা;
০৫	বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত পুঁজিবাজার সংশ্লিষ্ট অনিয়মের বিষয়ে সাপ্তাহিক প্রতিবেদন প্রস্তুত করা;

কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট পুঁজিবাজারের সম্ভাব্য অনিয়ম ও এর সাথে জড়িত ব্যক্তিবর্গের ব্যাপারে তথ্য সংগ্রহের নিমিত্তে কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট নিয়মিত অনলাইন ও অফলাইন মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে।

ক) ইনসপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে অনুসন্ধান/তদন্ত ও পরিদর্শন সম্পর্কিত তথ্য:

ক্রম	বিবরণ	সংখ্যা
১	ইস্যুকৃত অনুসন্ধান / তদন্ত আদেশ	১৬
২	অনুসন্ধান কমিটি কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন	২০

খ) ইনসপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের ২০২৬ সালের এপ্রিল-জুন সময়কালে পরিদর্শন সম্পর্কিত তথ্য:

ইস্যুকৃত আদেশ সংখ্যা	দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা
০৮	০৫

১৯. স্টক এক্সচেঞ্জ এর লেনদেন সম্পর্কিত তথ্যাবলি

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি

এপ্রিল-জুন ২০২৬

মাস	ডিএসই ব্রড ইনডেক্স (DSEX)	বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যা)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
১	২	৩	৪	৫	৬	৭	৮
এপ্রিল	৫,২৮৬.৮৭	৬,৮৫১,১৮৭.৩৩	২১	৬,১০৮.৮৩	২৯০.৯০	১৭১,৯৮৪.৫৬	৮,১৮৯.৭৪
মে	৫,৩৩৫.৮৭	৬,৮৪৪,৩৩২.৪৫	১৭	৪,৭০১.১০	২৭৬.৫৪	১৪২,০৮১.১৮	৮,৩৫৭.৭২
জুন	৫,৭৬২.৮৩	৬,৯৮৬,৯২৩.০৫	২২	৮,৫৪৩.৩৯	৩৮৮.৩৪	২৬৫,৩৪৮.৭১	১২,০৬১.৩১
মোট =	-	-	৬০	১৯,৩৫৩.৩২	৩২২.৫৬	৫৭৯,৪১৪.৪৪	৯,৬৫৬.৯১

- মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য।

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

এপ্রিল-জুন ২০২৬

মাস	সকল শেয়ারের মূল্যসূচক	বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যা)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
১	২	৩	৪	৫	৬	৭	৮
এপ্রিল	১৪,৮০৫.৯৭৬৫	৯,০৯৭,০২২.৯৩	২১	২৩৭.১৩	১১.২৯	৭,৩৬৪.৪৬	৩৫০.৬৯
মে	১৪,৯০৯.৭৩২৭	৯,২২৩,৫৬৩.৮৮	১৭	৯২.৩৮	৫.৪৩	৪,১১১.১৬	২৪১.৮৩
জুন	১৫,৪৫০.১৭৮৬	৯,৪৭৭,২৪২.৫১	২২	২৩১.৩৯	১০.৫২	১০,০৪৬.৯২	৪৫৬.৬৮
মোট =	-	-	৬০	৫৬০.৮৯	৯.৩৫	২১,৫২২.৫৫	৩৫৮.৭১

- মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য।

উৎস: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি।

বিএসইসি ওয়েবসাইটের বিষয়বস্তু

বিএসইসি সম্পর্কে ★ উল্লেখযোগ্য ঘটনা ★ প্রেস রিলিজ ★ সিকিউরিটিজ আইন ★ বিনিয়োগকারীর তথ্য
আইপিও প্রসপেক্টাস ★ বার্ষিক প্রতিবেদন ★ ত্রৈমাসিক প্রতিবেদন ★ এনফোর্সমেন্ট অ্যাকশনস্
বাজার মধ্যস্থতাকারীদের তালিকা ★ কর্মসংস্থান তথ্য ★ দরপত্র তথ্য
বিধি সংশোধনে মন্তব্যের অনুরোধ গুরুত্বপূর্ণ লিঙ্ক

রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
পিএবিএক্স (আইপি- ফোন): +৮৮০-৯৬০৯১০০৬০০
ফোন: +৮৮০-২-৪৪৮২৬৫৩১-২, ফ্যাক্স: +৮৮০-২-৪৪৮২৬৫০৬

যা আছে

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd

বিএসইসি ওয়েবসাইটের বিষয়বস্তু

বিএসইসি সম্পর্কে ★ উল্লেখযোগ্য ঘটনা ★ প্রেস রিলিজ ★ সিকিউরিটিজ আইন ★ বিনিয়োগকারীর তথ্য
আইপিও প্রসপেক্টাস ★ বার্ষিক প্রতিবেদন ★ ত্রৈমাসিক প্রতিবেদন ★ এনফোর্সমেন্ট অ্যাকশনস্
বাজার মধ্যস্থতাকারীদের তালিকা ★ কর্মসংস্থান তথ্য ★ দরপত্র তথ্য
বিধি সংশোধনে মন্তব্যের অনুরোধ গুরুত্বপূর্ণ লিঙ্ক

রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
পিএবিএক্স (আইপি- ফোন): +৮৮০-৯৬০৯১০০৬০০
ফোন: +৮৮০-২-৪৪৮২৬৫৩১-২, ফ্যাক্স: +৮৮০-২-৪৪৮২৬৫০৬

যা আছে

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd